# নির্বাচন শুরুর আগে আইনশৃঙ্খলার পরিস্থিতি উদ্বেগজনক: এনসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র ও কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির প্রধান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, নির্বাচনের পরিবেশ অত্যন্ত উদ্বেগজনক এবং সাধারণ মানুষের মধ্যে শঙ্কা বাড়াচ্ছে। তফসিল প্রকাশের পরপরই একজন চিহ্নিত আসামি, যিনি সাম্প্রতিক সময়ে জামিনে মুক্তি পেয়েছিলেন, হাদিকে হত্যা করেছেন।

মঙ্গলবার (৬ জানুয়ারি) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপে আসিফ এসব বলেন।

তিনি বলেন, এখনও নির্বাচনের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর দৃশ্যমান উপস্থিতি পর্যাপ্ত নয় এবং পরিস্থিতি আগের মতোই উদ্বেগজনক। সন্ত্রাসী কার্যক্রম এখনও বেড়েই চলেছে, যা নিয়ন্ত্রণে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য কমিশনকে অবহিত করা হয়েছে।

এছাড়া আসিফ অভিযোগ করেছেন, একটি রাজনৈতিক দলের অফিসে সরকারি কর্মকর্তা ও গোয়েন্দা সংস্থার উচ্চপদস্থরা নিয়মবিরোধীভাবে প্রবেশ শুরু করেছেন। তিনি সতর্ক করে বলেন, যদি দেশে আবারও প্রতারণামূলক নির্বাচনের কোনো পরিকল্পনা হয়, তাহলে রাজনৈতিক দল বাধ্য হয়ে রাজপথে আন্দোলনে নামবে।

আসিফ আরও যোগ করেন, “যখন দেখা যায় এক প্রার্থীকেই সরকারি অফিসে অমান্য করা হচ্ছে এবং সন্ত্রাসীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে, তখন আমাদের দলের মধ্যেও নির্বাচন নিয়ে গভীর শঙ্কা তৈরি হয়। এই শঙ্কা দূর করার দায়িত্ব এখন নির্বাচন কমিশনের।”